**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date 03-08-2025** **Time: 7.50 PM.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) অভয়ার মৃত্যুর প্রতিবাদে বিজেপি আগামী ৯ তারিখ নবান্ন অভিযানে অংশ নেবে বলে জানিয়েছে।

২) তৃণমূল সংসদীয় দলের চেয়ারপার্সন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল দলীয় সাংসদদের সঙ্গে ভার্চুয়াল বৈঠকে বসবেন।

৩) রাজ্য সরকারি কর্মীদের বকেয়া মহার্ঘ্যভাতা সংক্রান্ত মূল মামলার শুনানি আগামীকাল সুপ্রিম কোর্টে হওয়ার কথা।

৪) উত্তরবঙ্গে আগামীকাল পর্যন্ত অতি ভারি ও পরের পাঁচ দিন ভারি বৃষ্টির সতর্কবার্তা জারি করা হয়েছে।

---

অভয়ার মৃত্যুর প্রতিবাদে আগামী ৯ই আগস্ট নবান্ন অভিযানে বিজেপি অংশ নেবে বলে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য জানিয়েছেন। আজ কলকাতায় তিনি বলেন, এই প্রাতিষ্ঠানিক হত্যাকান্ডে অভয়ার জায়গায় কোনো পুরুষ থাকলে তাঁকেও মরতে হত। তবে অভয়া মহিলা বলে নির্যাতনের শিকার হতে হয়েছে। এই মৃত্যুকে কেন্দ্র করে মানুষ রাজনৈতিকভাবে দলের দ্বারা প্রভাবিত না হয়েই পথে নেমেছিল। তাই এই প্রতিবাদ আন্দোলন অব্যাহত থাকুক বলে শ্রী ভট্টাচার্য্য মন্তব্য করেন।

বাইট শমীক

উল্লেখ্য, অভয়ার বাবা মা গতকাল তাদের দলীয় কার্যালয়ে এসে আন্দোলনে অংশ নেওয়ার আমন্ত্রন জানান। তদন্তের গতি প্রকৃতি নিয়েও অসন্তোষ ও হতাশা ব্যক্ত করেন তাঁরা।

-------------------------

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল দলীয় সাংসদদের নিয়ে ভার্চুয়াল বৈঠকে বসতে চলেছেন। সংসদে তৃণমূল কংগ্রেস সাংসদদের কি করণীয় কি কি ইস্যুতে তাদের সরব হতে হবে, তা নিয়ে মুখ্যমন্ত্রী বার্তা দিতে পারেন।

উল্লেখ্য, মমতা ব্যানার্জী তৃণমূল সংসদীয় দলের চেয়ার পার্সনও বটে। ইন্ডি জোটের অন্যতম শরিক হিসাবে তৃণমূল কংগ্রেস অন্যান্য বিরোধী দলগুলির সঙ্গে কিভাবে কক্ষ সমন্বয় করবে, যৌথ প্রতিবাদে শামিল হওয়ার পন্থা পদ্ধতি নিয়েও সাংসদদের স্পষ্ট বার্তা দিতে, এই বৈঠক বলে রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন।

-------------------------

রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘ ভাতা সংক্রান্ত মূল মামলার শুনানি আগামীকাল সুপ্রিমকোর্টে বিচারপতি সঞ্জয় কারল ও বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রের বেঞ্চে হওয়ার কথা। শীর্ষ আদালত গত ১৬ ই মে বকেয়া মহার্ঘ ভাতার ২৫ শতাংশ ছয় সপ্তাহের মধ্যে রাজ্য সরকারকে মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছিল। পাশাপাশি রাজ্যকে হলফনামা পেশ করে তাদের বক্তব্যও জানাতে বলা হয়েছিল। কিন্তু শীর্ষ আদালতের সেই নির্দেশ পালনের জন্য অতিরিক্ত ৬ মাস সময় চেয়ে রাজ্য সরকার সুপ্রিম কোর্টে স্পেশাল লিভ পিটিশন দায়ের করে। নির্দেশের বেশ কিছু জায়গায় সংশোধনীও চাওয়া হয়েছে।

এদিকে, কর্মচারীদের তরফে রাজ্য সরকারের বিরুদ্ধে আদালত অবমাননার একটি মামলাও করা হয়েছে। ৮ই আগস্ট সেই মামলার শুনানি হওয়ার কথা।

------------------------

রাজ্যে বাংলাদেশী ও রোহিঙ্গাদের অনুপ্রবেশের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে পূর্ব মেদিনীপুরে বিজেপি জেলা নেতৃত্ব কলকাতা হাইকোর্টের অনুমতি পেয়েছে। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সেই মিছিলে উপস্থিত থাকার কথা। সন্ধ্যা সাড়ে সাতটা থেকে রাত ১০ টার মধ্যে মিছিল করার নির্দেশ সহ বিচারপতি তীর্থঙ্কর ঘোষ একাধিক শর্ত আরোপ করেছেন। দেড় থেকে দু হাজারের বেশি কর্মী সমর্থক মিছিলে থাকতে পারবে না এবং বিবেকানন্দ মূর্তি থেকে যুব আবাস পর্যন্ত এই মিছিল করা হবে। ১০ জন ভলান্টিয়ারের নাম পুলিশকে জানিয়ে রাখতে হবে বলেও বিচারপতি নির্দেশ দিয়েছেন। শব্দ বিধি মেনে এবং রাস্তায় যেন অবরোধ করা না হয় তা দেখতে হবে বলেও নির্দেশ দেওয়া হয়েছে।

------------------------

পুরুলিয়া জেলায় ভোটার তালিকায় বহু ভুতুরে ভোটার রয়েছে এবং সেই নাম ব্যবহারে কোরে তৃণমূল কংগ্রেসের দুষ্কৃতীরা ভোটে জয়লাভ করে বলে জেলা বিজেপির অভিযোগ। তাই ভুয়ো ভোটার খুঁজতে জেলা বিজেপি নেতৃত্ব বাড়ি বাড়ি অভিযানে নেমেছেন। মৃত অথচ ভোটার তালিকায় নাম রয়েছে, এমন সব তথ্য সংগ্রহ কোরে তালিকা সংশোধনের জন্য জেলা প্রশাসন ও নির্বাচনী আধিকারিককে অবগত করা হবে বলে স্থানীয় বিজেপি নেতৃত্ব আমাদের জেলা সংবাদদাতাকে জানিয়েছেন।

------------------------

রাজ্যে অবৈধ খনি ও বালি চুরির তদন্তের জন্য বিজেপি সংসদীয় দল কেন্দ্রীয় মন্ত্রী জি কিষাণ রেড্ডির কাছে আর্জি জানাবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, অবৈধ খনির বিষয়ে তদন্তের জন্য তৃণমূল কংগ্রেস সাংসদ কীর্তি আজাদ, ইডি ও সিবিআই-কে ২৩ শে জুলাই চিঠি দিয়েছিলেন। দলের চাপে পড়ে ৯ দিন পরে তাঁকে ঐ চিঠি প্রত্যাহার করতে হয়েছে। তবে বিষয়টি খতিয়ে দেখার জন্য বিজেপি, কয়লা ও খনিমন্ত্রী জি কিষাণ রেড্ডির কাছে আবেদন জানাবে।

-------------------------

হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গের ওপর অবস্থান করা ঘূর্ণাবর্তটি সরে গিয়ে এখন উত্তর-পশ্চিম বিহার এবং উত্তর-পূর্ব উত্তরপ্রদেশের ওপর রয়েছে। পাশপাশি সক্রিয় মৌসুমী অক্ষরেখা ক্যানিং এবং বাঁকুড়া হয়ে ছাপরা, লখনউ, শাজাহানপুর হয়ে পশ্চিমে বিস্তৃত রয়েছে। এর ফলে বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমানে জলীয় বাষ্প এরাজ্যে প্রবেশ করছে এবং উত্তরবঙ্গে আগামীকাল পর্যন্ত অতি ভারী এবং তারপর অন্তত ৫ দিন ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন।

বাইট-অন্বেষা

উত্তরবঙ্গের ফালাকাটা, কুমারগ্রাম, দোমোহিনী এবং ময়নাগুড়ি কলেজ এলাকায় গত চব্বিশ ঘণ্টায় ১৯০ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। দার্জিলিং এবং কালিম্পং-এর ধ্বস প্রবন এলাকার মানুষদের সতর্ক থাকতে বলা হয়েছে। দক্ষিণবঙ্গে আজও বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস।

-------------------------

দামোদর ভ্যালি কর্পোরেশন-ডিভিসি বিভিন্ন জলাধার থেকে জল ছাড়ার পরিমান বাড়িয়েছে। দুর্গাপুর ব্যারেজ থেকে ৭০ হাজার কিউসেক হারে জল ছাড়া হচ্ছে। অন্যদিকে, মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে ৬০ হাজার কিউসেক হারে জল ছাড়া হচ্ছে বলে খবর।

এদিকে, পুরুলিয়ার রঘুনাথপুর ২ নম্বর ব্লকের দাঁন্দুয়া গ্রামে টানা কয়েকদিনের বৃষ্টিতে মাটির বাড়ি ভেঙে এক শিশু সহ তিনজন আহত হয়েছেন। আজ ভোররাতে হঠাৎই বাড়ির একাংশ হুড়মুড়িয়ে ভেঙে পড়ে। আহত অবস্থায় বাবলু বাউড়ি, তাঁর স্ত্রী পূজা এবং তাদের শিশু সন্তানকে রঘুনাথপুর সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করা হয়। স্ত্রীর অবস্থা সঙ্কটজনক।

গত কয়েকদিনের টানা বর্ষণে মুন্ডেশ্বর নদীর জলস্তর বাড়ায় পূর্ব বর্ধমানের রায়না ২ নম্বর ব্লকের বিস্তীর্ণ এলাকা জলমগ্ন। সবচেয়ে ক্ষতিগ্রস্ত আদমপুর গ্রাম। আজ ঐ এলাকা ঘুরে দেখেন রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস। দুর্গত মানুদের সঙ্গে কথা বলে তাঁদের হাতে ত্রান সামগ্রী তুলে দেন তিনি। ডিভিসি পরিকল্পিতভাবে জল ছেড়ে বাংলার মানুষের ঘরবাড়ি, চাষের জমি, ধান সবকিছু নষ্ট করছে বলে অভিযোগ করেন মন্ত্রী।

-------------------------

হুগলির কোন্নগরে তৃণমূল কংগ্রেস নেতা পিন্টু চক্রবর্তী ওরফে মুন্না-র খুনের ঘটনায় আজ ভোলানাথ দাস নামে আরও একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এই নিয়ে এই ঘটনায় ৪ জনকে ধরা করা হল। ধৃত ভোলানাথ, বিশ্বজিত প্রামানিক, দীপক মন্ডল

ও বিশ্বনাথ দাসকে আজ শ্রীরামপুর আদালতে তোলা হলে ৮ দিনের পুলিশ হেপাজত হয়েছে।

উল্লেখ্য, গত বুধবার সন্ধ্যায় তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য মুন্না, কানাইপুর অটো স্ট্যান্ডের কাছে নিজের গ্যাস অফিস থেকে বাড়ি ফিরছিলেন। সেইসময় হঠাৎই দুই দুষ্কৃতী ধারালো অস্ত্র দিয়ে তাঁকে এলোপাথাড়ি কোপ মেরে চম্পট দেয়। তাঁর দেহ থেকে একটা হাত প্রায় বিচ্ছিন্ন হয়ে যায়। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। জমি সংক্রান্ত বিবাদের জেরেই এই খুন বলে পুলিশের প্রাথমিক অনুমান।

------------------------

উত্তর ২৪ পরগণার স্বরূপনগরের সগুনা গ্রাম পঞ্চায়েতের পশ্চিম পোলতা এলাকায় গাঁজা ও আগ্নেয়াস্ত্র সমেত এক তৃণমূল কংগ্রেস নেতাকে পুলিশ গ্রেপ্তার করেছে। গতরাতে বিশ্বনাথ মন্ডল ওরফে বিশু নামে ঐ ব্যক্তিকে পাকড়াও করা হয়। ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে প্রায় ৩০ কিলো গাঁজা, একটি নাইন এমএম পিস্তল ও নয় রাউন্ড গুলি। তাকে আজ বসিরহাট মহাকুমা আদালতে তোলা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

------------------------

পশ্চিম মেদিনীপুরের খড়গপুর গ্রামীন বিধানসভার অর্জুনী অঞ্চলের মুরকুনিয়া সমবায় সমিতির নির্বাচনে বিজেপি সমর্থিত প্রার্থীরা সাতটি আসনে জয় পেয়েছে। অন্যদিকে, তৃণমূল কংগ্রেস সমর্থিত প্রার্থীরা দুটি আসনে জয়লাভ করেছেন।

উল্লেখ্য, আজই ঐ সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠিত হয়।

------------------------

কলকাতার রিজেন্ট পার্ক থানা এলাকায় দিলীপ কুমার শাহ নামে বছর ষাটের এক ব্যক্তির ঝুলন্ত দেহ পুলিশ তার ঘর থেকে উদ্ধার করেছে। ঘর থেকে একটি সুইসাইড নোটও পাওয়া গেছে। পরিবারের সদস্যদের অভিযোগ, ছোটবেলায় বাংলাদেশ থেকে চলে আসা দিলীপবাবুকে যদি আবার সে দেশে ফিরে যেতে হয় সেই চিন্তায় তিনি সম্প্রতি আতঙ্কে ছিলেন। এছাড়া তিনি নার্ভের রোগেও ভুগছিলেন।

------------------------

দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটে ভারত সেবাশ্রম এলাকায় শিশু চুরির অভিযোগে এক মহিলাকে বেধে রাখার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। ঐ মহিলা ফল মিষ্টি খাইয়ে শিশুদের অপহরণ করার চেষ্টা করছিল বলে অভিযোগ। তাকে মারধরও করা হয়। পুলিশ ঐ মহিলাকে উদ্ধার করেছে। তার মানসিক অবস্থা খতিয়ে দেখা হচ্ছে।

------------------------

ডুরান্ড কাপ ফুটবলে গ্রুপ বি-র লিগ ম্যাচে আগামীকাল মোহনবাগান সুপার জায়ান্ট, বর্ডার সিকিউরিটি ফোর্স-বিএসএফের বিরুদ্ধে খেলবে। কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। প্রথম ম্যাচে মোহনবাগান,মহামেডান স্পোর্টিংকে ৩-১ গোলে হারিয়েছিল।

অন্যদিকে, ডায়মন্ড হারবার এফ সি, র কাছে বিএসএফ ১ -৮ গোলে পরাজিত হয়েছিল।

------------------------

কলকাতা ফুটবল লিগের প্রিমিয়ার ডিভিশনে আজ ইস্টবেঙ্গলকে ২-০ গোলে পরাজিত করলো পুলিশ এসি। ব্যারাকপুরের বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় স্টেডিয়ামে ম্যাচের **১১** মিনিটে পেনাল্টি থেকে মহম্মদ আমাল নাঈমের গোলের সুবাদে বিরতিতে ১-০ গোলে এগিয়েছিলো পুলিশ এসি। দ্বিতীয়ার্ধের ৭৫ মিনিটে উজ্জ্বল হাওলাদার দ্বিতীয় গোলটি করেন।

------------------------ ------------------------